# শেখ হাসিনা দেশে ফিরলে কারাগারে যেতে হবে: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

ভারতে অবস্থানরত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা নিয়ে প্রতিক্রিয়া জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তার মতে, এই ঘোষণা মূলত আওয়ামী লীগের পলাতক নেতাকর্মীদের মধ্যে নতুন করে উৎসাহ সৃষ্টির একটি রাজনৈতিক বার্তা।

সোমবার (১৩ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন।

শামা ওবায়েদ বলেন, শেখ হাসিনা বর্তমানে আদালতের রায়ে দণ্ডপ্রাপ্ত একজন আসামি। ফলে তিনি দেশে ফিরে আদালতে আত্মসমর্পণ করলে প্রচলিত আইন অনুযায়ী তাকে কারাগারে যেতে হবে এবং পরবর্তী আইনি কার্যক্রম বিচারিক প্রক্রিয়া অনুসারেই এগোবে।

তিনি বলেন, কোনো ব্যক্তি দেশের বাইরে অবস্থান করলেই আইনের প্রয়োগ বদলে যায় না। আত্মসমর্পণ করা হোক বা না হোক, আইন তার নিজস্ব গতিতেই চলবে।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা রাজনৈতিকভাবে একটি তাৎপর্যপূর্ণ বার্তা হলেও এর ফলে তার বিরুদ্ধে চলমান বিচারিক প্রক্রিয়ায় কোনো পরিবর্তন আসবে না।

উল্লেখ্য, মানবতাবিরোধী অপরাধের মামলায় ২০২৫ সালের ১৭ নভেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল শেখ হাসিনাকে মৃত্যুদণ্ড দেন। জুলাইয়ের গণঅভ্যুত্থানের পর তিনি দেশ ছেড়ে ভারতে অবস্থান করছেন।

সম্প্রতি আন্তর্জাতিক সংবাদ সংস্থা রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে শেখ হাসিনা চলতি বছরের ডিসেম্বরের মধ্যে দেশে ফিরে আদালতে আত্মসমর্পণের পরিকল্পনার কথা জানান। এরপর থেকেই বিষয়টি রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে।